জীবন ও স্বাস্থ্য সুরক্ষায় নিরাপদ খাদ্য

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**খাদ্য মন্ত্রণালয়**
**বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ**
জেলা কার্যালয়, গাইবান্ধা
হোল্ডিং নং- ১১২৯, ৪র্থ তলা, সুখ-শান্তির বাজার
www.bfsa.gaibandha.gov.bd

# বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়, গাইবান্ধা এর ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন

## জেলা নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটির সভা আয়োজন:

গাইবান্ধা জেলার সুযোগ্য জেলা প্রশাসক জনাব মো: অলিউর রহমান এর সভাপতিত্বে ২৬ সেপ্টেম্বর, ২০২২; ১৮ ডিসেম্বর, ২০২২; ২০ ফেব্রুয়ারি, ২০২৩ এবং ১১ মে, ২০২৩ তারিখে জেলা নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটির মোট ০৪ টি সভা আয়োজিত হয়।

## উপজেলা নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটির সভা আয়োজন:

গাইবান্ধা জেলার সংশ্লিষ্ট উপজেলায় উপজেলা নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটির ০৯ টি সভা আয়োজিত হয়।

## সচেতনতামূলক কর্মসূচি/সেমিনার:

২০২২-২৩ অর্থবছরে জনপ্রতিনিধিদের অংশগ্রহণে নিরাপদ খাদ্য বিষয়ক সচেতনতামূলক কর্মসূচি ০৪ টি এবং স্মার্ট বাংলাদেশ বিনির্মানে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ভূমিকা শীর্ষক ০১ টি কর্মসূচি আয়োজিত হয়।

## দায়িত্বপ্রাপ্ত নিরাপদ খাদ্য পরিদর্শকদের সাথে সভা আয়োজন:

২০২২-২৩ অর্থবছরে গাইবান্ধা জেলার দায়িত্বপ্রাপ্ত নিরাপদ খাদ্য পরিদর্শকদের সাথে বারো (১২) টি সভা অনুষ্ঠিত হয়। সভায় সংশ্লিষ্ট উপজেলার দায়িত্বপ্রাপ্ত নিরাপদ খাদ্য পরিদর্শকগণ অংশগ্রহণ করে নিরাপদ খাদ্য আইন, ২০১৩ বাস্তবায়ন এবং নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে করণীয় সম্পর্কে বিভিন্ন বিষয় নিয়ে মত বিনিময় করেন।

## মনিটরিং:

২০২২-২৩ অর্থবছরে গাইবান্ধা জেলায় মোট ১০৫ টি হোটেল/রেস্তোঁরা, ৩৮ টি বেকারি/ মিষ্টির কারখানা/ অন্যান্য ছোট কারখানা, ২৩ টি পাইকারি বাজার/ খুচরা বাজার, ১১ টি কাচাঁ বাজার, ০২ টি কোল্ড স্টোরেজ, ০৩ টি খামার ও ফার্ম, ০৯ টি মাছ-মাংস প্রক্রিয়াকরণ এবং ১৭ টি মুদির দোকানে মনিটরিং কার্যক্রম পরিচালনা করা হয়। উক্ত মনিটরিং কার্যক্রমে খাদ্য তৈরির সাথে সংশ্লিষ্ট ব্যক্তিদের নিরাপদ খাদ্য বিষয়ক প্রাথমিক ধারণা প্রদান করা হয়। তাদেরকে পরিষ্কার পরিচ্ছন্নতা, কিভাবে খাদ্য নিরাপদ উপায়ে তৈরি করা যায়, বাসি ও পঁচা খাবার নির্দিষ্ট স্থানে রাখা, রান্না ঘর নিয়মিত পরিচ্ছন্ন রাখা, খাবার পরিবেশনের সময় মাথায় টুপি, এপ্রোন পরিধান করা, রান্নাঘরে কফ, থুথু, ধুমপান করা থেকে বিরত থাকা এবং নিরাপদ খাদ্য আইন, ২০১৩ অবহিতকরণসহ বিভিন্ন প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করা হয়।

## প্রশিক্ষণ:

২০২২-২৩ অর্থবছরে গাইবান্ধা জেলায় অবস্থিত বিভিন্ন হোটেল-রেস্তোরাঁ, বেকারি ও খাদ্য স্থাপনায় কর্মরত খাদ্যকর্মী, মালিক, ম্যানেজার সহ মোট ১৫২ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়। উক্ত প্রশিক্ষণ কর্মশালায় প্রশিক্ষণার্থীদের প্রজেক্টরের মাধ্যমে বিভিন্ন তথ্য চিত্র উপস্থাপন, খাদ্য অনিরাপদ উপায়ে তৈরি করলে কি কি সমস্যা হবে, কেন এবং কিভাবে নিরাপদ খাদ্য সংরক্ষণ করতে হবে, খাদ্যকর্মীদের কেন স্বাস্থ্যবিথি মেনে চলতে হবে, নিরাপদ খাদ্য আইন মেনে চলতে হবে, নিরাপদ খাদ্য আইন, ২০১৩ না মানলে শাস্তির বিধানসহ বিভিন্ন বিষয়ে আলোকপাত করা হয়।

**নমুনা সংগ্রহ:**

২০২২-২৩ অর্থবছরে গাইবান্ধা জেলা হতে মোট দশটি (১০) টি নমুনা সংগ্রহ করে তা পরীক্ষাগারে প্রেরণ করা হয়।

**উঠান বৈঠক:**

২০২২-২৩ অর্থবছরের ২৮ নভেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় গাইবান্ধা সদর উপজেলায়; ২৮ নভেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ তারিখ দুপুর ০২.০০ ঘটিকায় পলাশবাড়ী উপজেলায় এবং ২০ জুন, ২০২৩ খ্রিস্টাব্দ তারিখ বিকাল ০৩.০০ ঘটিকায় সাদুল্লাপুর উপজেলায় গৃহিণীদের নিয়ে তিন (০৩) টি উঠান বৈঠকের আয়োজন করা হয়। বৈঠকে গৃহিণীদের খাদ্য নিরাপদ রাখার ৫টি চাবিকাঠি, নিরাপদ খাদ্যের প্রয়োজনীয়তা, রান্নাঘরের পরিষ্কার পরিচ্ছন্নতা, নিরাপদ পানি দিয়ে খাবার তৈরি করা সহ নানাবিধ দিক তুলে ধরা হয়।

**স্কুল সেমিনার:**

২০২২-২৩ অর্থবছরে গাইবান্ধা সদর উপজেলার বোয়ালী উচ্চ বিদ্যালয়, গোবিন্দগঞ্জ উপজেলার গোবিন্দগঞ্জ সরকারি উচ্চ বিদ্যালয়, সুন্দরগঞ্জ উপজেলার কাটগড়া দ্বিমুখী উচ্চ বিদ্যালয়, পলাশবাড়ী উপজেলার গ্রীনফিল্ড ইন্টারন্যাশনাল স্কুল এন্ড কলেজ, সাদুল্লাপুর উপজেলার ইদ্রাকপুর উচ্চ বিদ্যালয়, সাঘাটা উপজেলার বোনারপাড়া সরকারি কলেজ এবং ফুলছড়ি উপজেলার বুড়াইল মডেল স্কুল এন্ড কলেজ এ নিরাপদ খাদ্য বিষয়ক সচেতনতামূলক স্কুল সেমিনার আয়োজন করা হয়। উক্ত সেমিনারে শিক্ষার্থীদের বাইরের খোলা খাবার না খেতে, খাবার খাওয়ার সময় নিরাপদভাবে তৈরিকৃত খাবার গ্রহণ করা সহ নানাবিধ দিক তুলে ধরা হয় এবং নিরাপদ খাদ্য বিষয়ক সচেতনতামূলক লিফলেট বিতরণ করা হয়।

**উন্নয়ন মেলা/২০২২ ও ডিজিটাল উদ্ভাবনী মেলা/২০২২:**

২০২২-২৩ অর্থবছরে জেলা প্রশাসন, গাইবান্ধা কর্তৃক আয়োজিত ১২-১৪ সেপ্টেম্বর/২০২২, ০৩ দিনব্যাপী উন্নয়ন মেলা এবং ১৪-১৫ নভেম্বর/২০২২, ০২ দিনব্যাপী ডিজিটাল উদ্ভাবনী মেলায় বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়, গাইবান্ধা অংশগ্রহণ করে। মেলায় নিজস্ব স্টলে নিরাপদ খাদ্য বিষয়ক সচেতনতামূলক ও উদ্বুদ্ধকরণ লিফলেট, নিরাপদ খাদ্য আইন, ২০১৩ এর পোস্টার বিতরণ করা হয়। নিরাপদ খাদ্য বিষয়ক তথ্যবহুল এবং সচেতনতামূলক টিভিসি প্রজেক্টরের মাধ্যমে প্রদর্শন করা হয়।

**সচেতনতামূলক মাইকিং কার্যক্রম:**

২০২২-২৩ অর্থবছরে পবিত্র ঈদুল ফিতর উপলক্ষ্যে জনসাধারণের মধ্যে নিরাপদ ইফতার সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রচারণা কার্যক্রমের অংশ হিসেবে ০৫ দিন এবং পবিত্র ঈদুল আজহা উপলক্ষ্যে কোরবানির মাংসের নিরাপদতা রক্ষায় করণীয় শীর্ষক প্রচারণা কর্মসূচির অংশ হিসেবে ০৩ দিন গাইবান্ধা জেলার বিভিন্ন উপজেলায় জনসচেতনতামূলক মাইকিং ও লিফলেট বিতরণ করা হয়।

**গ্রেডিং প্রদান কার্যক্রম:**

২০২২-২৩ অর্থবছরে গাইবান্ধা সদর উপজেলার সাদুল্লাপুর মোড় সংলগ্ন **"চিকেন পল্লী"** রেস্টুরেন্টকে A+ গ্রেড প্রদান করা হয়।

এছাড়াও খাদ্যস্থাপনা ও খাদ্য কর্মীদের ডাটাবেজ তৈরি, খাদ্য কর্মীদের জন্য ট্রেনিং মডিউল প্রস্তুত এবং পোস্টার-লিফলেট বিতরণসহ নানাবিধ কার্যক্রম গৃহীত হয়েছে।

২৬/০৭/২৩

(মোঃ মিলন মিয়া)
নিরাপদ খাদ্য অফিসার, গাইবান্ধা
☏ +৮৮০ ১৭৬১-৬৬৪১১২
✉ fso.gaibandha@bfsa.gov.bd